27

দৈনিক বাংলা

তারিখ 16 JUL 1995
পৃষ্ঠা ১ কলাম ১

## এইচএসসি ঃ আরও ৬শ' জন বহিষ্কৃত

**স্টাফ রিপোর্টার ঃ** এইচএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে ৬ শতাধিক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

গতকাল শনিবার সকালে মানবিক বিভাগের অর্থনীতি প্রথমপত্র, বাণিজ্য বিভাগের বাণিজ্যনীতি প্রথমপত্র পরীক্ষা এবং বিকালে বিজ্ঞান বিভাগের পদার্থ বিজ্ঞান প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ঢাকা বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে মোট ২৯৯ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ঢাকায় ৪ জন, সাভারে ১ জন, গাজীপুরে ৬৩ জন, নারায়ণগঞ্জে ১২ জন, মানিকগঞ্জে ৩৭ জন, ফরিদপুরে ১৮ জন, মাদারীপুরে ১৭ জন, শরীয়তপুরে ৫

(৮-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## এইচএসসি ঃ আরও

(প্রথম পৃষ্ঠার পর)

জন, গোপাল-গঞ্জে ১৭ জন, ময়মনসিংহে ৩৬ জন, কিশোরগঞ্জে ১২ জন, নেত্রকোনায় ৫২ জন; জামালপুরে ১৯ জন এবং শেরপুরে ৬ জনকে বহিষ্কার করা হয়েছে।

রাজশাহী থেকে ষ্টাফ রিপোর্টার জানান, শিক্ষা বোর্ডের ১৬টি জেলার মধ্যে ৭টি জেলায় অসদুপায় অবল-ম্বনের জন্য মোট ২৫৭ জনকে বহি-ষ্কার করা হয়েছে। জেলাগুলি হচ্ছে নবাবগঞ্জ, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজ-পুর, পঞ্চগড় ও পাবনা, বাকী ৯টি জেলার বহিষ্কারের কোন রিপোর্ট গতকাল বোর্ডের কন্ট্রোল রুমে এসে পৌছায়নি।